নং. 4.1

<u>এক্সিকিউটিভ অর্ডার</u>

## নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্যসেবা কর্মী সংকটের কারণে স্টেটব্যাপী ঘোষিত দুর্যোগকালীন জরুরি অবস্থা অব্যাহত রয়েছে

**যেহেতু**, হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে কর্মী সংকট রয়েছে এবং এটি অব্যাহত থাকার আশংকা রয়েছে;

**যেহেতু,** হাসপাতালে ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রে গুরুতর কর্মী সংকট জরুরি সেবা প্রদান করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে পর্যাপ্ত সেবা প্রদানের সক্ষমতাকে প্রভাবিত করা অব্যাহত রাখবে বলে আশংকা করা হচ্ছে;

**যেহেতু,** স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো যাতে সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে কর্মী সংকট পূরণ করার তাৎক্ষণিক ও জরুরি প্রয়োজন রয়েছে;

**সুতরাং, এখন**, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও আইন অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 28 অনুযায়ী নির্বাহী আদেশ 4-এ নির্ধারণকৃত স্টেটজুড়ে দুর্যোগকালীন জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি, এবং নির্বাহী আদেশ 4-এ বর্ণিত মেয়াদ, শর্ত, ও স্থগিতাদেশ 26 নভেম্বর, 2021 তারিখ পর্যন্ত বহাল রাখছি;

**অধিকন্তু,**, নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 29-a অনুযায়ী, স্টেটব্যাপী দুর্যোগজনিত জরুরি অবস্থা চলাকালীন সময়ে, কোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধান, বা বিধিমালা মেনে চলা যদি দুর্যোগকালীন জরুরি পরিস্থিতির সাথে মানিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলোকে প্রতিরোধ করে, বাধাগ্রস্ত করে, অথবা বিলম্বিত করে, তাহলে উক্ত আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধান, বা বিধিমালা, অথবা এর অংশবিশেষ সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করার জন্য আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, আমি এই মর্মে এই নির্বাহী আদেশের তারিখ থেকে 26 নভেম্বর, 2021 তারিখ পর্যন্ত নিম্নলিখিতগুলো সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করছি:

- শিক্ষা আইনের ধারা 8602 ও 8603, এবং নির্বাহী আদেশ 4-এ থাকা NYCRR-এর শিরোনাম 10-এর ধারা 58-1.5, যেটিতে এখন পর্যন্ত এতটুকু পর্যন্ত করা হয়েছিল যা ব্যক্তিদের SARS-CoV-2, অথবা এর অ্যান্টিবডি শনাক্ত করার জন্য পরীক্ষা করার অনুমোদন দিয়েছিল, তা এরূপ ব্যক্তিদের যথাযথ তত্ত্বাবধানের অধীনে থাকা এবং পরীক্ষা কর্মীদের জন্য FDA অথবা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) কর্তৃক অনুমোদিত অ্যাসে (assay) বা ডিভাইসের জন্য উপযুক্ত ফেডারেল আবশ্যকতা পূরণ করা সাপেক্ষে, তাদেরকে যেকোনো নমুনার উপর SARS-CoV-2 ও ইনফ্লুয়েঞ্জা শনাক্ত করা সহ যেকোনো ক্লিনিক্যাল পরীক্ষা সম্পাদন করার বাড়তি অনুমতি দেয়ার জন্য শুধু যতটুকু প্রয়োজন ততটুকু পরিবর্তন সাময়িকভাবে সম্পন্ন করা হয়েছে;

- NYCRR-এর শিরোনাম 10-এর ধারা 763.5-এর উপশাখা a, বাড়িতে সেবা প্রদানের সনদপ্রাপ্ত সংস্থাগুলো, বাড়িতে স্বাস্থ্যসেবা প্রদানের দীর্ঘমেয়াদী কর্মসূচি এবং AIDS-এর জন্য বাড়িতে সেবা প্রদানের কর্মসূচিগুলোর ক্ষেত্রে কোনো কমিউনিটি রেফারাল পাওয়া ও গ্রহণ করে নেয়ার অথবা

প্রাতিষ্ঠানিক প্লেসমেন্ট থেকে বাড়িতে ফেরার 48 ঘণ্টার মধ্যে রোগীর প্রাথমিক ভিজিটের অনুমতি দেয়ার জন্য যতটুকু প্রয়োজন শুধু ততটুকু;

- ধারা 763.4 এর উপশাখা g এর অনুচ্ছেদ 2; ধারা 763.4 এর উপশাখা h এর অনুচ্ছেদ 7 ও 8; ধারা 766.5 এর উপশাখা a এর অনুচ্ছেদ 2; এবং NYCRR এর শিরোনাম 10 এর ধারা 766.5 এর উপশাখা d, বাড়িতে সেবা প্রদানের সনদপ্রাপ্ত সংস্থাগুলো, বাড়িতে স্বাস্থ্যসেবা প্রদানের দীর্ঘমেয়াদী কর্মসূচি এবং AIDS-এর জন্য বাড়িতে সেবা প্রদানের কর্মসূচি, ও বাড়িতে সেবা প্রদানের জন্য লাইসেন্সপ্রাপ্ত সংস্থাগুলোর জন্য সেবা প্রদানের প্রারম্ভিক ভিজিটের পরে যত শীঘ্র সম্ভব বাড়িতে সেবা প্রদানে সহায়তাকারী ও ব্যক্তিগত সেবা প্রদানে সহায়তাকারীদের বাড়িতে তত্ত্বাবধান সম্পন্ন করতে অনুমতি দেয়ার জন্য, অথবা পরোক্ষ মাধ্যম, যেমন টেলিফোন বা ভিডিও যোগাযোগ ইত্যাদির মাধ্যমে ব্যক্তিগতভাবে ও বাড়ির পরিবেশে তত্ত্বাবধান সম্পন্ন করতে অনুমতি দেয়ার জন্য যতটুকু প্রয়োজন ততটুকু;

- NYCRR এর শিরোনাম 18 এর ধারা 505.14 এর উপশাখা f এর অনুচ্ছেদ 3, যত শীঘ্র সম্ভব ব্যক্তিগত সেবা প্রদানকারী পরিষেবাগুলোর জন্য নার্সিং তত্ত্বাবধানের ভিজিটের অনুমতি দেয়ার জন্য যতটুকু প্রয়োজন ততটুকু;

- জনস্বাস্থ্য আইনের ধারা 30 এর নির্বাহী আদেশ 4-এ থাকা স্থগিতাদেশ, EMT ও উন্নত EMS সেবা প্রদানকারীদের স্বাস্থ্য কমিশনারের বিবেচনা অনুযায়ী, অ-প্রচলিত EMS পরিবেশগুলোতে, যেমন হাসপাতালে, জরুরি ও অ-জরুরি পরিষেবা প্রদানের অনুমতি দিতে যতটুকু প্রয়োজন শুধু ততটুকু পরিবর্তন ও সুস্পষ্ট করা হয়েছে, তবে, এক্ষেত্রে শর্ত থাকে যে, এরূপ সেবা প্রদানকারী শুধু স্ব স্ব সনদের লেভেলের আওতাধীন সেবাসমূহ প্রদান করতে পারবে;

- জনস্বাস্থ্য আইনের ধারা 3001 এর উপশাখা 7, ধারা 800.3 এর উপশাখা (p) এর নির্বাহী আদেশ 4 এ থাকা স্থগিতাদেশ, রোগীর জন্য নয় এমন সুনির্দিষ্ট আদেশ অনুযায়ী, যেমন অ-জরুরি পরিবেশে ও অবস্থানে, সনদপ্রাপ্ত EMT ও উন্নত EMS সেবা প্রদানকারীদেরকে ইনফ্লুয়েঞ্জা ও কোভিড-19 এর টিকা প্রদান করার অনুমতি দেয়ার জন্য, জনস্বাস্থ্য আইনের ধারা 3001 এর উপশাখা (6) ও (7), ধারা 800.3 এর উপশাখা (o) ও (p), এবং NYCRR এর শিরোনাম 10 এর ধারা 800.15 স্থগিত করার জন্য, যতটুকু প্রয়োজন শুধু ততটুকু পরিমাণে আরো পরিবর্তন করা হয়েছে, তবে এক্ষেত্রে শর্ত থাকে যে EMT ও উন্নত EMS সেবা প্রদানকারীদের প্রথমে স্বাস্থ্য কমিশনারের নির্ধারণ করে দেয়া শর্তাবলি পূরণ করতে হবে;

- শিক্ষা আইনের ধারা 139, জনস্বাস্থ্য আইনের ধারা 576-b এবং NYCRR এর শিরোনাম 10 এর ধারা 58-1.7 এর নির্বাহী আদেশ 4 এ থাকা স্থগিতাদেশ রেজিস্টার্ড নার্সদেরকে কোভিড-19 পরীক্ষার উদ্দেশ্যে, ব্যক্তিদের কাছ থেকে গলার ও ন্যাসোফ্যারিঞ্জিল সোয়াব নমুনার পাশাপাশি থুতু ও নাকের পরীক্ষাও সংগ্রহ করার অর্ডার দেয়ার অনুমতি দিতে যতটুকু প্রয়োজন শুধু ততটুকু পরিমাণে অধিকতর পরিবর্তন করা হয়েছে;

- কোভিড-19 পরীক্ষার অনুমতি দেয়ার জন্য শিক্ষা আইনের ধারা 6902 এর উপশাখা 1, ধারা 6909 এর উপশাখা 4, 5, ও 7, শিক্ষা আইনের ধারা 6527 এর উপশাখা 6 ও 7, এবং NYCRR এর শিরোনাম 8 এর ধারা 63.9 ও 64.7 এর নির্বাহী আদেশ 4 এ থাকা স্থগিতাদেশ, একই শর্তাবলির অধীনে শুধু ইনফ্লুয়েঞ্জা পরীক্ষার বিষয়টি যোগ করার জন্য অধিকতর পরিবর্তন করা হয়েছে; এবং

- শিক্ষা আইনের ধারা 6521 ও 6902, শিক্ষা আইনের ধারা 6909 এর উপশাখা 4, 5, ও 7, শিক্ষা আইনের ধারা 6527 এর উপশাখা 6 ও 7, এবং NYCRR এর শিরোনাম 8 এর ধারা 63.9 ও 64.7 এর নির্বাহী আদেশ 4 এ থাকা স্থগিতাদেশ যা এখনো পর্যন্ত কোনো লাইসেন্সপ্রাপ্ত ফিজিশিয়ান অথবা অন্য লাইসেন্সপ্রাপ্ত ও আইনি অনুমোদনপ্রাপ্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীর প্রেসক্রাইবকৃত মেডিকেল নিয়ম কার্যকর করা শুধু শিক্ষা আইনের ধারা 139 এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত রেজিস্টার্ড নার্সদের জন্য সীমিত করে রেখেছিল, সেটিকে স্বাস্থ্য কমিশনারের পর্যাপ্ত হিসেবে বিবেচনা করা ও নিম্নলিখিত কাজগুলো সম্পাদনের প্রশিক্ষণ সম্পন্ন করা সাপেক্ষে নন-নার্সিং কর্মীদের মেডিকেল নিয়ম কার্যকর করার অনুমতি দেয়ার জন্য, যতটুকু প্রয়োজন ততটুকু পরিমাণে অধিকতর পরিবর্তন করা হয়েছে: (1) কোভিড-19 ও ইনফলুয়েঞ্জা পরীক্ষার উদ্দেশ্যে, প্রযোজ্য ও যথাযথ উপায়ে, গলার, থুতুর, নাকের, বা ন্যাসোফ্যারিঞ্জিল সোয়াবের নমুনা সংগ্রহ; (2) তীব্র বা অতীতের কোভিড-19 রোগের ডায়াগনোসিসের জন্য রক্তের নমুনা সংগ্রহ; (3) অ্যাডভাইজরি কমিটি ফর ইমিউনাইজেশন প্র্যাকটিসেস (Advisory Committee for Immunization Practices, ACIP) কর্তৃক প্রদানকৃত সর্বশেষ সুপারিশ এবং/অথবা যুক্তরাষ্ট্রের খাদ্য ও ঔষধ প্রশাসনের (Food and Drug Administration) প্রযোজ্য কোনো অনুমোদন অথবা জরুরি অবস্থায় ব্যবহারের অনুমোদন (Emergency Use Authorization, EUA) অনুযায়ী, এই আদেশে নির্ধারণকৃত অন্য কোনো শর্ত যেমন প্রশিক্ষণ ও তদারকির সাথে সম্পর্কিত শর্তাবলি, ইত্যাদি, পূরণ হওয়া সাপেক্ষে, ইনফ্লুয়েঞ্জা বা কোভিড-19 মোকাবেলায় টিকা প্রদান করা; এবং (4) প্রযোজ্য ক্ষেত্রে এবং প্রয়োজনের সীমা

অনুযায়ী, অন্যথায় একজন লাইসেন্সপ্রাপ্ত বা রেজিস্টার্ড নার্সের লোকজনকে সেবা দেয়ার দায়িত্বের মধ্যে অন্তর্ভুক্ত এমন কাজগুলো একজন নার্সের তত্ত্বাবধানে সম্পাদন করা।

এই বর্ষ দুই হাজার একুশের অক্টোবরের সাতাশ
তারিখে আলবানি সিটিতে আমার
হাতে এবং স্টেটের প্রাইভি সিলমোহর
ব্যবহার করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব